

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৪৫

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (کتاب السیر)

পরিচ্ছেদঃ ৬৪. হুদাইবিয়ার দিন নাবী (ﷺ) এর সন্ধি সম্পর্কে

باب في صلح النبي صلى الله عليه وسلم يوم الحديبية

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ إِسْرَائِيلَ حَدَّثَنَا أَبُو إِسْحَقَ عَنْ الْبَرَاءِ بْنِ عَازِبِ قَالَ اعْتَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي ذِي الْقَعْدَةِ فَأَبَى أَهْلُ مَكَّةَ أَنْ يَدَعُوهُ أَنْ يَدْخُلَ مَكَّةَ حَتَّى قَاضَاهُمْ عَلَى أَنْ يُقِيمَ ثَلَاثَةَ أَيَّامٍ فَلَمَّا كَتَبُوا هَذَا مَا قَاضَى عَلَيْهِ مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالُوا لَا نُقِرُّ بِهَذَا لَوْ نَعْلَمُ أَنَّكَ رَسُولُ اللَّهِ مَا مَنَعْنَاكَ شَيْئًا وَلَكِنْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالُوا لَا نُقِرُ بِهَذَا لَوْ نَعْلَمُ أَنَّكَ رَسُولُ اللَّهِ مَا مَنَعْنَاكَ شَيْئًا وَلَكِنْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالُوا لَا نُقِرُ بِهَذَا لَوْ نَعْلَمُ أَنَّكَ رَسُولُ اللَّهِ مَا مَنَعْنَاكَ شَيْئًا وَلَكِنْ مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ مَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ مَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْكَبَلَ مَحُوهُ أَبَدًا فَأَخَذَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْكَبِ وَسَلَّمَ الْكَبِ وَسَلَّمَ الْكَبِ وَسَلَّمَ الْكَبُولُ اللَّهِ مَدَا مَا قَاضَى عَلَيْهِ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ أَنْ لَا يُدْخُلُ مَكَةً بِسِلَاحٍ إِلَّا السَّيْفَ فِي الْقِرَابِ وَأَنْ لَا يُخْرِجَ مِنْ أَهْلِهَا أَحَدًا أَرَادَ أَنْ يُقِيمَ بِهَا فَلَمَّا دَخَلَهَا وَمَضَى الْأَجَلُ أَتُوا عَلِيًّا فَقَالُوا قُلْ لِصَاحِبِكَ فَلْيَحْرُجُ عَنَّا فَقَدْ مَضَى الْأَجَلُ أَتُوا عَلِيًّا فَقَالُوا قُلْ لِصَاحِبِكَ فَلْيَعْرُجُ عَنَّا فَقَدْ مَضَى الْأَجَلُ أَتَوْا عَلِيًّا الْمَنْ لَلَا الْمَالِولُ قُلُولُ الْمَا لَولُولُ اللَّهُ لَا لَعْمَا فَلَا لَا الْمَلَامِ لَكُنَا لَلْهُ مَلَى الْمُعَلِّ وَمَضَى الْأَجُلُ أَتُوا عَلَيًا لَوْلَا اللَّهُ الْمَلَى الْمُعْرَاحِ مَنْ الْمُلْكِلُ أَلَوا عَلَيْ الْمَلَى الْمُؤْلِقُ الْمَلَى اللَّهُ الْمُعْ لَلْمُ الْمُ الْمَلَامُ الْمُ الْمُ الْمُعْلِقُ الْمُعْلِقُ الْمَلَى الْمُعْرَاحُ مَنْ الْمُلْكِلُ الْمَالِلَةُ الْمُعْرِعُ الْمَلْمُ الْمُعْلِقُ الْمُعْرَاحُ اللَّهُ الْمُ اللَّهُ مَلَى اللَّهُ الْمُعْرَاقُ اللَّهُ الْمُعْلُولُ اللَّهُ الْمُ

বাংলা

২৫৪৫. বারা ইবনু আযিব রাদ্মিল্লান্থ আনহু হতে বর্ণিত। তিনি বলেন, যিলকাদ মাসে রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম উমরাহ'র উদ্দেশ্যে বের হলেন। কিন্তু মক্কাবাসীরা তাঁকে মক্কা প্রবেশের জন্য ছেড়ে দিতে অস্বীকার করল। অবশেষে এই শর্তে তাদের সঙ্গে ফয়সালা করলেন যে, তিনদিন সেখানে অবস্থান করবেন। সন্ধিপত্র লিখতে গিয়ে তারা (মুসলিমরা) লিখলেন, এ সন্ধিপত্র সম্পাদন করেছেন, 'আল্লাহর রাসূল মুহাম্মাদ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম।' তারা (মুশরিকরা) বলল, 'আমরা তো এটি (তাঁর রিসালাত) স্বীকার করি না। আমরা যদি জানতাম যে, আপনি আল্লাহর রাসূল তাহলে তো আপনাকে আমরা বাধা-ই দিতাম না। তবে আপনি হলেন, 'আবদুল্লাহর পুত্র মুহাম্মদ।' তিনি বললেন, 'আমি আল্লাহর রাসূল এবং 'আবদুল্লাহর পুত্র মুহাম্মদ।'

অতঃপর তিনি আলীকে বললেন, 'আল্লাহর রাসূল মুহাম্মদ' শব্দটি মুছে দাও। তিনি বললেন, 'না। আল্লাহর কসম,



আমি তাঁকে কখনোই মুছব না।' আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তখন চুক্তিপত্রটি নিলেন এবং তিনি সুন্দর করে লিখলেন না। তিনি 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের' স্থলে লিখলেন, 'এ সন্ধিপত্র মুহাম্মদ ইবনু 'আবদুল্লাহ্ সম্পন্ন করেন: খাপবদ্ধ তরবারী ব্যতীত আর কোনো অস্ত্র নিয়ে তিনি মক্কায় প্রবেশ করবেন না। মক্কাবাসীদের কেউ তাঁর অনুসরণ করার উদ্দেশ্যে যেতে চাইলে তিনি তাকে বের করে নিবেন না। আর তাঁর সঙ্গীদের কেউ মক্কায় থাকতে চাইলে তাঁকে বাধা দিবেন না।' তিনি যখন মক্কায় প্রবেশ করলেন এবং নির্ধারিত সময় অতিবাহিত হয়ে গেল, তখন তারা এসে আলীকে বলল, 'তোমার সঙ্গীকে আমাদের এখান হতে বের হয়ে যেতে বল। কেননা নির্ধারিত সময় অতিবাহিত হয়ে গেছে।'[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ বুখারীর শর্তানুযায়ী সহীহ। এটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, জাযাইস সাইদ, ১৮৪৪, ২৬৯৯; মুসলিম, জিহাদ ওয়াস সিয়ার ১৭৮৩।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী ১৭০৩, ১৭১৩ ও সহীহ ইবনু হিব্বান নং ৪৮৬৯, ৪৮৭৩ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন